হলিউডের বাংলা পত্রিকা
একুশ
21 Ekush Bangla Newspaper from Hollywood
Ekush.info

শেখ হাসিনারর জন্মদিনের শুভেচ্ছা

বাংলাদেশ আওয়ামী লীগ ক্যালিফোর্নিয়া যুক্তরাষ্ট্র শাখা, শেখ হাসিনারর জন্মদিনের শুভেচ্ছা বাংলাদেশ আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনার ৬০তম জন্মবার্ষিকীতে বাংলাদেশ আওয়ামী লীগ, ক্যালিফোর্নিয়া যুক্তরাষ্ট্র শাখার সভাপতি সোহেল রহমান বাদল এক শুভেচ্ছা বার্তা প্রেরণ করেন।

প্রথম পাতার পর / **শামসুর রাহমান**



রাষ্ট্রীয় মর্যাদা তুচ্ছ যখন সমগ্র বাঙালি জাতি শোকে মুহ্যমান হয়ে তাঁকে পরম শ্রদ্ধায় সমাহিত করেছে।' কবি শামসুর রাহমানের রচিত কবিতাসমূহ আবৃত্তি করেন শিউলী মিজান, কানিজ ফাতেমা শিমুল, শাহানা পারভীন, শায়লা রুমি, শাহাদত হোসেন পাপ্পু, জাহিদ হোসেন, আশরাফউদ্দিন আহমেদ, ইমতিয়াজ হোসেন সোহেল ও মুকতাদীর চৌধুরী তরুণ। ফারজাহান সাইদ শামসুর রাহমানের সাহিত্যকর্মের ওপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। দেশের গান ও রবীন্দ্রসঙ্গীত গেয়ে শোনায় শিশু শিল্পী রাশা রহমান, গান পরিবেশন করে শিশুশিল্পী প্রিতম চৌধুরী ও লিভানা।

পুরোনো দিনের গান পরিবেশন করে সঙ্গীতা বড়ুয়া, নজরুল গীতি পরিবেশন করেন শায়লা রুমী, ভ্যালী এসোসিয়েশনের সভাপতি এনামুল হক এমরান রবীন্দ্রসঙ্গীত, নজরুলগীতি ও আধুনিক গান পরিবেশন করেন। কলকাতা থেকে আগত বাংলাদেশ একাডেমীর সঙ্গীত বিভাগের প্রধান ওস্তাদ নবেন্দু ভট্টাচার্য বিভিন্ন রাগ-রাগিনীর মাধুর্যে উচ্চাঙ্গ সঙ্গীত পরিবেশন করেন। গানের অনুষ্ঠানে তবলা সঙ্গত করে পিয়াল হোসেন ও অমিত চট্টোপাধ্যায়।

জাহিদ হোসেন সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আমন্ত্রণ জানান সবাইকে আগামী ২৮ অক্টোবর ২০০৬ ঈদ পুনর্মিলনী ও সংস্কৃতিক অনুষ্ঠানে।

আইরিন খান ২০০৬ সিডনি শান্তি পুরস্কার পেলেন

অ্যামনেষ্টি ইন্টারন্যাশনালের সেক্রেটারী জেনারেল বাংলাদেশী বংশোদ্ভুত আইরিন খানকে ২০০৬ সালের সিডনি পিস প্রাইজের প্রাপক হিসেবে ঘোষনা করা হয়েছে। সিডনি পিস ফাউন্ডেশনের চেয়ারম্যান পুরস্কারের বিচারকদের এ সিদ্ধান্ত ঘোষনা করে বলেন, ‘‘মানবিক অধিকারের জন্যে সার্বজনিন শ্রদ্ধা আদায়ে, নারী লাঞ্জনাকে সমাজের একটি বিরাট অবিচার হিসাবে চিহ্নিত করার মাধ্যমে আইরিন খান মূলতঃ শান্তির জন্যে সংগ্রামেই তার সাহসী নেতৃত্ব যুগিয়েছেন।’’ নারী লাঞ্জনা দূর করতে তাঁর প্রয়াসের ভূয়সী প্রসংশা করে সিডনি শান্তি ফাউন্ডেশনের প্রফেসর স্টুয়ার্ট রিড বলেন, ‘‘আমরা বিশেষ করে অভিভূত তার বহুমূখী প্রতিভা দেখে যিনি বাংলাদেশের একজন মুসলিম হিসেবে বড় হয়েছেন, পরে ভিন্ন সংস্কৃতিতে বিয়ে করে বসবাস করছেন, বাংলাদেশ, ইংল্যান্ড ও আমেরিকা - এ তিনটি দেশে তার শিক্ষা অর্জন করেছেন, এবং অ্যামনেষ্টি ইন্টারন্যাশনালের সেক্রেটারী জেনারেল হবার আগে জাতিসংঘের রিফিউজি কমিশনে বিশ বছরেরও অধিক সময় ধরে কাজ করেছেন।’’

অ্যামনেষ্টি ইন্টারন্যাশনালের লন্ডন হেডকোয়ার্টার থেকে পুরস্কার প্রাপ্তির প্রতিক্রিয়া ব্যক্ত করে আইরিন খান বলেন ‘‘আমি সিডনি শান্তি পুরস্কার পেয়ে অত্যন্ত গভীরভাবে সন্মানিত বোধ করছি। এ পুরস্কার প্রদানের মধ্য দিয়ে সিডনি শান্তি ফাউন্ডেশন এটাই প্রমান করলো যে মানবিক অধিকারে প্রতি সন্মান এবং সুবিচার ছাড়া কোন শান্তিই অর্জন করা সম্ভব না।’’

নভেম্বরের ২ তারিখে সিডনী বিশ্ববিদ্যালয়ের গ্রেট হলে ২০০৬ শান্তি পুরস্কার অনুষ্ঠান এবং নৈশভোজ অনুষ্ঠিত হবে।

এর আগে যারা সিডনি পিস প্রাইজে ভূসিত হয়েছেন, তাঁরা হলেন -

১৯৯৮ - প্রফেসর মুহম্মদ ইউনুস - গ্রামীন ব্যাংক, বাংলাদেশ
১৯৯৯ - আর্চবিশপ ডেসমন্ড টুটু - দক্ষিন আফ্রিকা
২০০০ - প্রেসিডেন্ট জানানা গাসমাও - ইষ্ট টিমোর
২০০১ - স্যার উইলিয়াম ডিন, অষ্ট্রেলিয়ার প্রাক্তন গভর্নর জেনারেল
২০০২ - ম্যারী রবিনসন, প্রাক্তন জাতিসংঘ মানবাধিকার কমিশনার
২০০৩ - ডঃ হানান আশরাওয়ী, ফিলিস্তিনী শিক্ষাবিদ এবং মানবিধাকার প্রবক্তা
২০০৪ - অরুন্ধতী রায়, ভারতীয় লেখিকা
২০০৫ - ওলারা ওটুনু, জাতিসংঘ বিশেষ প্রতিনিধি

সংক্ষিপ্ত বিশ্ব সংবাদ

বিশ্বের সেরা ১শটি বিশ্ববিদ্যালয়ের তালিকা

বিশ্বের সেরা ১শটি বিশ্ববিদ্যালয়ের তালিকার প্রায় অর্ধেক জায়গা দখল করে রেখেছে যুক্তরাষ্ট্র ও ব্রিটেনের বিশ্ববিদ্যালয়গুলো। টাইমস হায়ার এডুকেশন সাপ্লিমেন্টে বুধবার প্রকাশিত এক রিপোর্টে একথা জানা গেছে।

তালিকার শীর্ষ ১৩টি বিশ্ববিদ্যালয়ই এ দুটি দেশের। তালিকায় সেরা একটি বিশ্ববিদ্যালয়ের শীর্ষস্থানসহ ৩৩টি বিশ্ববিদ্যালয় নিয়ে দৌড়ে এগিয়ে আছে যুক্তরাষ্ট্র। ১৫টি বিশ্ববিদ্যালয় নিয়ে দ্বিতীয় অবস্থানে রয়েছে ব্রিটেন। এদিকে, অস্ট্রেলিয়া এবং নেদারল্যান্ড উভয়েই ৭টি বিশ্ববিদ্যালয় নিয়ে আছে তার ঠিক পরের অবস্থানেই। তালিকায় ফ্রান্সের ৫টি বিশ্ববিদ্যালয় ঠাঁই পেয়েছে। পাশাপাশি এতে হংকং, জাপান, কানাডা এবং জার্মানি প্রত্যেক দেশের ৩টি বিশ্ববিদ্যালয়ের নাম রয়েছে। বিশ্বের সবচেয়ে জনবহুল দুটি দেশ চীন ও ভারত প্রত্যেকের দুটি এবং সিঙ্গাপুর, নিউজিল্যান্ড, বেলজিয়াম, ডেনমার্ক, দক্ষিণ কোরিয়া, মেক্সিকো, আয়ারল্যান্ড, অস্ট্রেলিয়া এবং রাশিয়ার ১টি করে বিশ্ববিদ্যালয় রয়েছে এ শীর্ষ ১শ বিশ্ববিদ্যালয়ের তালিকায়।

জরিপে ম্যাসাচুসেটস-এর হার্ভার্ড ইউনিভার্সিটি শীর্ষ অবস্থানে রয়েছে। ইংল্যান্ডের ক্যামব্রিজ ও অক্সফোর্ড রয়েছে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থানে। চতুর্থ অবস্থানে যৌথভাবে রয়েছে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি এবং ইয়েল ইউনিভার্সিটি। তালিকায় ষষ্ঠ ও ৭ম অবস্থানে আছে যথাক্রমে স্টামফোর্ড ইউনিভার্সিটি এবং ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি। ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া ৮ম, ইমপেরিয়াল কলেজ লন্ডন নবম এবং প্রিন্সটন ইউনিভার্সিটি আছে ১০ম অবস্থানে। তালিকায় এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষে আছে বেইজিং ইউনিভার্সিটি (১৪তম)। এটি যুক্তরাষ্ট্র ও ব্রিটেনের প্রতিষ্ঠানগুলোর পর সর্বোচ্চ অবস্থান। সারা বিশ্বের ৩ হাজার ৭০৩ জন একাডেমিককে তাদের অভিজ্ঞতার আলোকে গবেষণার জন্য ৩০টি সেরা বিশ্ববিদ্যালয় নাম জিজ্ঞাসার মাধ্যমে, পাশাপাশি বিশ্বের ৭৩৬ জন স্নাতক কর্মচারীর উত্তর, শিক্ষার্থী ও অনুষদের অনুপাত এবং বিদেশি শিক্ষার্থী এবং বিশ্বনন্দিত একাডেমিকদের আকর্ষণ করার ক্ষমতার উপর ভিত্তি করে এ তালিকা তৈরি করা হয়েছে।

....

আন্তর্জাতিক সমালোচনা ও উদ্বেগ সত্ত্বেও সামরিক আইন বলবৎ রাখবেন বলে জানিয়েছেন থাই সামরিক জান্তা। এর আগে মার্কিন দূতাবাস দেশটিতে গণতন্ত্র ফিরিয়ে আনার জন্য আহ্বান জানিয়ে বলে যে, এটা দেশের জন্য মোটেই কল্যাণ বয়ে আনবে না। তারা দশ দিনের মধ্যে সামরিক শাসন তুলে না নেওয়ার আহ্বান জানায়।

....

মার্কিন বাহিনীর কাছ থেকে ন্যাটো আফগানিস্তানের পূর্বাঞ্চলের নিরাপত্তার দায়িত্ব নেয়ার মধ্য দিয়ে পুরো আফগানিস্তানেরই নিয়ন্ত্রণ নিয়ে নিয়েছে। আন্তর্জাতিক নিরাপত্তা সহায়তা বাহিনী (আইএসএএফ) ইতোমধ্যে আফগানিস্তানের রাজধানী কাবুলসহ দেশের উত্তর, পশ্চিম এবং দক্ষিণাঞ্চলে অতিরিক্ত সেনা মোতায়েন করেছে।

....

পাকিস্তানের রাজধানী ইসলামাবাদের পার্লামেন্ট ভবনের পাশে পাক নিরাপত্তা বাহিনী দুটি রকেট এবং একটি রকেট লাঞ্চার উদ্ধার করেছে। নিরাপত্তা বাহিনী একথা জানিয়েছে। রকেট উদ্ধার করার পর পার্লামেন্ট ভবনের নিরাপত্তা স্বার্থে এর সঙ্গে সকল সংযোগ সড়ক বন্ধ করে দেওয়া হয়েছে। বিস্ফোরক বিশেষজ্ঞরা এগুলো পরীক্ষা করে দেখছেন। নাম প্রকাশে অনিচ্ছুক এক পুলিশ কর্মকর্তা জানিয়েছেন, আমরা জিজ্ঞাসাবাদের জন্য কিছু মানুষকে আটক করেছি।

....

রাফা সীমান্ত খুলে না দিলে তাদের পর্যবেক্ষক প্রত্যাহার করে নেয়া হবে বলে ইসরায়েলকে সতর্ক করে করেছে যুক্তরাষ্ট্র এবং ইইউর নিরাপত্তা কর্মকর্তারা। খবর রয়টার্স

বন্দুকধারীরা গাজার সীমান্তে হামলা চালিয়ে ১ ইসরায়েলি সৈন্যকে আটক এবং আরো ২ জনকে হত্যা করার পর গত ২৫ জুন থেকে প্রায় ১১ দিন ধরে ফিলিস্তিনের সঙ্গে বহির্বিশ্বে যাওয়ার একমাত্র পথ রাফা সীমান্ত ইসরায়েল বন্ধ রেখেছে।

....

শীর্ষ মার্কিন ধনীদের তালিকায় ভারতীয় বাঙালি

ডেস্ক রিপোর্ট

ভারতীয় বাঙালিরা বিশ্ব সেরা ধনীদের তালিকায় বেশ ভালোই স্থান করে নিচ্ছেন। ভারতের কয়েকজন বিশিষ্ট শিল্পপতি বিশ্বের সেরা ধনীদের তালিকাতে নিজের জোরেই জায়গা করে নিয়েছেন। ধনতান্ত্রিক দেশ খোদ আমেরিকার সেরা ধনীদের তালিকায় জায়গা করে নিয়েছেন ভারতের এক বাঙালি। আর তাদের বহু পেছনে পড়ে আছে আমেরিকার সেরা ধনীরা। বহুল প্রচারিত ওয়েবসাইট গুগল আইএনসি এর প্রতিষ্ঠাতা-ডিরেক্টর কবিতর্ক রাম শ্রীরাম এবং বোস করপোরেশনের চেয়ারম্যান অমরগোপাল বসু-ফোবর্স পত্রিকার বিচারে সেরা ৪০০ মার্কিনি ধনীর তালিকায় আরো ওপরে উঠেছেন। দুজনে যৌথভাবে ওই তালিকায় ২৪২তম স্থানটি দখল করেছেন। এছাড়াও মোটোরোলা ওয়াল্ট ডিজনির মতো সংস্থার মালিকরাও অর্থের নিরিখে তাদের কাছে হার মেনেছেন। বর্তমানে মার্কিন নাগরিক শ্রীরাম এবং অমর গোপাল বসু উভয়ই প্রায় দেড়শ কোটি ডলারের মালিক। ২০০৫ সালে ওই তালিকায় শ্রীরাম দখল করেছিলেন ২৫৮তম স্থান।

প্রথম পাতার পর / **মারামারি**

কথায় কথায় যদি ছেলেমেয়েদের শাসন হয়। মুক্তভাবে মনের ভাগ প্রকাশ করার পরিবেশ না থাকে তাহলে সেই সব সন্তানদের চরিত্রের মধ্যে বিভিন্ন অপরাধ আচরণ পরিলক্ষিত হয়। মিথ্যা কথা বলার অভ্যাস, চুরি করার অভ্যাস ইত্যাদি দেখা দেয়। ছেলেমেয়েদের সম্মান করার বৈজ্ঞানিক প্রক্রিয়া আছে। দেশীয় স্টাইলে এদেশে ছেলেমেয়ে মানুষ করলে ক্ষতির সম্ভাবনা অধিক। কারণ সবাই এক ধরনের জীবন ব্যবস্থার মধ্যে পরিচালিত হচ্ছে, আর অভিভাবকের সংকীর্ণতা, কূপমণ্ডুকতা, অশিক্ষা বা কুশিক্ষা, কুসংস্কারাচ্ছন্ন মনোবৃত্তির বহি প্রকাশ হিসেবে শিশুদেরকে ক্রোধ, রাগের মনোভাব নিয়ে সন্তানকে নিয়ন্ত্রণের চেষ্টা করা মারামারির সামিল এর ফলে আমরা মনে করি শিশুদেরকে শৃঙ্খলার মাঝে নিয়ে আসলাম। আসলে তারা অভিভাবকদেরকে ঘৃনা করে মিন মনে করে, তাদের হৃদয়ে ভালোবাসা নষ্ট হয়ে যায়। উপকারের পরিবর্তে অপকার বেশি হয়। এজন্য অভিভাবক যদি শিশুতোষ মন সম্পর্কে অভিজ্ঞতা না থাকে তাহলে নিজেকে প্রশিক্ষণের মাধ্যমে ও অনুশীলন দ্বারা পজেভিভাবে তাদেরকে নিয়ন্ত্রণ বা শৃঙ্খলার মধ্যে আনর প্রচেষ্টা করতে হবে আমরা ভেবেও দেখি না আমাদের অগচরে কিভাবে নিজ সন্তানের জীবনকে ভবিষ্যতের জন্য নষ্ করে ফেলছি। সচেতনতার আমাদেরকে এ সব বিষয়ে আগে থেকেই ভাবতে হবে। মারধোর করে বাঁকা লোহ সোনা করা যায় কিন্তু মনমানষিকতাকে সোজা করা যায় না। তাকে হৃদয়ের ভালোবাসা দিয়ে বশে আনা যায়। সবাই তা পারে না কারণ প্রত্যেকের জীবন যার ভিন্নতর হওয়ায় মনমানসিকতার ডিগ্রি বা তেজ ভিন্নতর থাকে সেজন্যই প্রয়োজন মেডিটেশন। মেডিটেশন মানুষকে বোধ গম ভেতর ব্যাপ্তি এনে দেয়। সহানুভূতিশীলতা ও বিনয়ী করে গড়ে তোলে। তথাপি আইনগতভাবে শিশুদের দৈহিক প্রচার বা নির্যাতন জেলের ভাত খাওয়াতে পারে সে বিষয়ে আমাদের অভিভাবকদেরকে লক্ষ্য রেখে মাথা ঠাণ্ডা করে কাজ করতে হবে।

....

খ. সর্বশেষ মারামারির ঘটনা :

আবার একটি মারামারি ঘটনা ঘটেছে থার্ডস্ট্রীটের কোনো এক বাংলাদেশী দোকানে। এবারের বিষয় ছিল প্রবাসী ক্রেতা ও বিক্রেতার মধ্যে সম্পর্কের মাত্রা ছাড়িয়ে গিয়ে বচনা ও সালমন স্নায়ু উত্তেজিত উক্তি থেকেই ক্রোধের সৃষ্টি হয় ওষুধ মানুষকে দিকশূন্য করে দেয়। এবং মারামারি পরিণত হয়। ক্রেতাবিক্রেতার মধ্যে সম্পর্ক যদি চরমপন্থী হয় তাহলে ব্যবসা করা কঠিন হয়ে যায়। সবসময় একটা কথা বলে কাস্টমার রাইট, কাস্টম লক্ষী ইত্যাদি। ব্যাবসা করতে গিয়ে বিক্রেতা যা কাস্টমারকে অপমাণিত করে, ক্রোধের ট্রিগার সৃষ্টি করার ক্ষেত্র সৃষ্টি করে তা হলে দুৎখজনক এক হাতে তালি বাজে না। দোষ উভয়ের তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু কাস্টমার চলে যাবেন কিন্তু দোকানদার রয়ে যাবেন। ব্যবসার রেপুটেশনকে যদি পরওয়ানা করি তাহলে ক্রেতাবিক্রেতার মধ্যে সুসম্পর্ক সৃষ্টি হবে না। ব্যবসার ক্ষতি হবে, কমিউনিটির মধ্যে বদনাম রটে যাবে। কারা কারা মারামারি করেছে, কোথায় করেছে সেটা আমাদের লক্ষ্য নয়, আমাদের লক্ষ্য কমিউনিটির পরিবেশ উন্নতকরণ, অতীতে ক্রেতার ক্রেতারা বাইরে মারামারি করেছেন। কিন্তু এবার স্বয়ং বিক্রেতা ক্রেতার সঙ্গে মারামারিতে লিপ্ত হয়েছেন। এরপর কি?

একুশ মানে একবিংশ শতাব্দীর আলোকবর্তিকা,
একুশ মানে মাথা নত না করা।
একুশ মানে স্বাধীনতা,
একুশ মানে সচেতনতা।
একুশ মানে অধিকার আদায়ের তারুণ্যতা।
একুশ মানে - সামাজিক কু-প্রথার বিরুদ্ধে আন্দোলন
একুশ মানে - বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে - ভ্রাতৃত্বের বন্ধন
একুশ মানে - সরাসরি কথা বলা
একুশ মানে - ঈর্ষা কাতরতা নয়
একুশ মানে - নন্দিত মনের সুন্দর ভুবন

প্রথম পাতার পর / **পুর্নমিলনী**

উক্ত কমিটি প্রাথমিকভাবে অত্র এলাকার সকল প্রাক্তন ছাত্রছাত্রীদের ও তাদের পরিবারবর্গ (ছেলেমেয়েসহ) সকলকে একত্রিত করার মাধ্যমে পারস্পরিক সুসম্পর্ক সৃষ্টির জন্য আগামী ১৮ নভেম্বর ৮১৭ নং নর্থ ডাউনের অডিটোরিয়ামে (হলিউড, ক্যালিফোর্নিয়া ৯০০৩৮) এক পুনর্মিলনীর আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করেন। যারা অংশগ্রহণ করবেন এবং অনুষ্ঠানের পর লস এঞ্জেলেসে অবস্থান করতে চান তাদের জন্য প্রতি পার্শ্বে অবস্থান করতে চান তাদের জন্য প্রতি পার্শ্বে অবস্থিত ইকোনোলজে (১০% ডিসকাউন্ট) থাকার সুবন্দোবস্থ থাকবে বলে জানা গেছে। (ইকোনো লজ সব হলিউড, ৭৭৭ নং ডাউন স্ট্রীট, হলিউড, ক্যালি ৯০০৩৮, (৩২৩) ৪৬৩-৫৬৭১)। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে আমাদের মাঝে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক অধ্যাপক ড. জিয়াউদ্দীন আহম্মেদ।

ক্যালিফোর্নিয়ায় অবস্থানরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল প্রাক্তন ছাত্রছাত্রীদেরকে মিডিয়া পার্টনার একুশ পত্রিকার ই-মেইলে তাদের নাম, ফোন নাম্বার ও ই-মেইল ঠিকানা দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে।

যোগাযোগ : media@ekush.info , অচিরেই ঢাকা ইউনিভার্সিটির ওয়েবসাইড প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যাতে ভবিষ্যতে সকলেই যোগাযোগের মাধ্যমে হিসাবে প্যারস্পরিক সম্পর্ক স্থাপন করতে পারেন। এখানে উল্লেখ্য যে, আগামী ১৮ নভেম্বর অনুষ্ঠানের কর্মসূচি ঘোষণা করেন, যেখানে সন্ধ্যা ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত অনুষ্ঠানাদির আয়োজন থাকবে। শুরুতে মধুর কেন্টিন থিম স্বরূপ চা-সিংগাড়ার মাধ্যমে কুশল বিনিময় পর্ব থাকবে। তারপর স্মৃতিচারণ পালা, নৈশভোজ ও শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক সন্ধ্যা। এখানে যারা অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে অবশ্যই অগ্রিম জানাতে হবে বলে কর্তৃপক্ষ জানিয়ে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য আগামীতে মিডিয়া পার্টনার একুশ ফলোআপ চালাবে।

পূজার অনুষ্ঠানে অগণিত প্রবাসী দলমত ধর্মবর্ণ নির্বিশেষে দেশীয় স্টাইলে সকলেই অংশগ্রহণ করে সমাগমমুখর করে তোলে। অন্যতম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. রফিকুজ্জামান।

একুশ এর ক্যামেরায়

কনস্যুলেট জেনারেলের বাসভবনে আমন্ত্রিত হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দ

আবশ্যক : বিজ্ঞাপন প্রতিনিধি

লস এঞ্জেলেস থেকে প্রকাশিত “একুশ’’ নিউজ ম্যাগাজিনের জন্যে আকর্ষণীয় কমিশনে বিজ্ঞাপন প্রতিনিধি আবশ্যক। ‘একুশ’-এর দ্রুত বিস্তৃতি ঘটছে কেবল লস এঞ্জেলেস নয়, উত্তর আমেরিকাতেও ‘একুশ’ পৌছে যাচছে দ্রুত সবার কাছে। অবসর সময়ে স্বাধীনভাবে নিজের মতো কাজ করার অপুর্ব সুযোগ। স্হানীয়ভাবে পণ্য বা ব্যবসা প্রসারের লক্ষ্যে ‘একুশ’। ৫০০০ হাজার কপি সার্কুলেশন। (৮১৮) ২৬৬ ৭৫৩৯, (৩২৩) ৪৬২ ৯৩০০

ক্লাসিফাইড বিজ্ঞাপন

দিন

একুশ পত্রিকায় বাসা ভাড়া, রুমমেট আবশ্যক, চাকুরীর সুযোগ,পাত্র-পাত্রী চাই, গাড়ি বিক্রয় ইত্যাদির জন্যে বিজ্ঞাপন দিন। এক ইস্যুর জন্যে ১০ ডলার। ২০ শব্দের মধ্যে হতে হবে। পরবর্তী শব্দের জন্য ১ ডলার মাত্র।

বিজনেস কার্ড সাইজ বিজ্ঞাপন দিন মাত্র $ ২৫

প্রতি ৪ ইস্যু প্রিপেইড মাত্র $ ১০০

আপনার ব্যবসা প্রতিষ্ঠানের ব্র্যান্ড নাম তৈরী করুন। যোগাযোগ ঃ একুশ

818 266 7539

SOTO AUTO SALE

লস এঞ্জেলেসের বাঙ্গালী মালিকাধীন

We have from $2000 Dollars to $50,000 Dollars Cars in the Inventory
FOR QUALITY USED CAR
Over quarter million dollar inventory to choose from..

WE DO SHORT TERM (3 TO 12 MONTH) IN HOUSE FINANCE

NO CREDIT, BAD CREDIT, REPO, BK-OK
Your job is your credit
Just bring your
1) DL
2) S.S. Card
3) Proof of residence
4) Telephone bill (all pages) &
6) As little as $500 Dollar will drive you home

QUALITY USED CAR
QUALITY USED CAR

Please Contact:
Owner/ G.M
MOHAMMED N. HASSAN
(323) 268-3350 (OFFICE)
(909) 915-8556 Fax: (323) 268-3020
400 S. Soto St. # A, Los Angeles, CA-90033

GOLDEN HAMMER
AUTO BODY, PAINT & MECHANICAL

সর্বনিম্ন মূল্যে সার্টিফাইড টেকনিশিয়ান দ্বারা সকল ধরনের গাড়ীর মেরামত করা হয়

সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা (সোম-শনিবার)

এক্সিডেন্টের সকল ইন্সুরেন্স ক্লেম ও ডিডাকশনের ব্যাপারে সর্বাত্মক সাহায্য করা হয়

গোল্ডেন হ্যামার অটোবডি, পেইন্ট ও মেকানিক্যাল শপের পক্ষ থেকে মাহে রমজানের শুভেচ্ছা
আবদুল মুনিম (Abdul Munim)
11101 Ventura Blvd., Studio City, CA 91604
(818) 766 5116
www.GoldenHammerUSA.com